



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd)

E-mail : [dinajpureducationboard@gmail.com](mailto:dinajpureducationboard@gmail.com)

স্মারক নং : মাউশিবোদি/পনি/এইচএসসি-ফলাফল/২০১৭/২১১৯(১২)

তারিখ : ২০/০৭/২০১৭ খ্রি.

বিষয় : ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার ফলাফল প্রেরণ।

সূত্র : আস্তঃ শিক্ষা বোর্ড-এর পত্র স্মারক নং- আশিবো/প্রশাঃ/২০১০/৯৭, তারিখ- ১২/০৭/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর অধীনে অনুষ্ঠিত ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার (এপ্রিল-জুন, ২০১৭ মাসে অনুষ্ঠিত) ফলাফল আগামী ২৩ জুলাই, ২০১৭ খ্রিঃ রবিবার, বেলা ০১.৩০ ঘটিকায় দেশের সকল শিক্ষা বোর্ডসমূহের ওয়েবসাইট, সংশ্লিষ্ট সকল পরীক্ষা কেন্দ্র/সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং এসএমএস এর মাধ্যমে একযোগে প্রকাশ করা হবে।

আগামী ২৩ জুলাই, ২০১৭ খ্রিঃ রবিবার বেলা ০১.৩০ টায় দিনাজপুর শিক্ষা বোর্ডের নিজস্ব Website : [www.dinajpurboard.gov.bd](http://www.dinajpurboard.gov.bd) থেকে Institute Wise & Roll Wise ফলাফল পাওয়া যাবে। সরকারি সিদ্ধান্ত মোতাবেক ফলাফলের কোন হার্ড কপি সংশ্লিষ্ট কেন্দ্রে বা প্রতিষ্ঠানে সরবরাহ করা হবে না। বিধায় সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় থেকে তাঁর জেলাধীন সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার তত্ত্বাবধানে শিক্ষা বোর্ড থেকে প্রাপ্ত ফলাফলের হার্ড কপি সংরক্ষণ করতে হবে। বিশেষ প্রয়োজনে কোন কেন্দ্রের ফলাফল বেলা ০১.৩০ টার পর Online-এ সংগ্রহ করা সম্ভব না হলে সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার লিখিত আবেদনের প্রেক্ষিতে ফলাফলের হার্ডকপি হস্তান্তর করা যেতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক

রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/

লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।

২০/৭/১৭  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

ফোন : ০৫৩১-৫১৮৮১; ফ্যাক্স : ০৫৩১-৬৬৪২১

মোবাইল : ০১৭১৬-০৩৯৮৩১

অনুলিপি : অবগতি ও কার্যার্থে বিতরণ-

- ০১। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৩। অফিস কপি।



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

## ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল প্রাপ্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

স্মারক নং : মাউশিবোদি/পনি/এইচএসসি-ফলাফল/২০১৭/২১২০(১২)

তারিখ : ২০/০৭/২০১৭ খ্রি.

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষার (এপ্রিল-জুন, ২০১৭ মাসে অনুষ্ঠিত) ফলাফল আগামী ২৩ জুলাই, ২০১৭ খ্রিঃ রবিবার, বেলা ০১.৩০ টায় একযোগে প্রকাশ করা হবে। ফলাফলের হার্ড কপি সংশ্লিষ্ট কেন্দ্রে বা প্রতিষ্ঠানে সরবরাহ করা হবে না। নিম্নের নিয়মানুযায়ী দিনাজপুর শিক্ষা বোর্ডের নিজস্ব Website : www.dinajpurboard.gov.bd-এ Institute Wise & Roll Wise ফলাফল প্রকাশ করা হবে। একইসাথে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের Sub-domain Website-এ স্ব স্ব প্রতিষ্ঠানের ২০১৭ সালের এইচএসসি পরীক্ষার ফলাফল পাওয়া যাবে।

০১. দিনাজপুর শিক্ষা বোর্ডের Dynamic Website : www.dinajpurboard.gov.bd এর SSC Result Option-এ ফলাফল Institute Wise & Roll Wise Result পাওয়া যাবে।
০২. বিশেষ প্রয়োজনে কোন কেন্দ্রের ফলাফল বেলা ০১.৩০ টার পর Online -এ সংগ্রহ করা সম্ভব না হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর লিখিত আবেদন করে ফলাফলের হার্ড কপি সংগ্রহ করতে হবে।
০৩. **HSC-2017 Result** সংক্রান্ত কোন রকম সমস্যা বা জটিলতা সৃষ্টি হলে ০১৭১০৮২৫০৮২ নম্বরে যোগাযোগ করতে হবে।

- ০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা  
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন  
সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্র-২০১৭।
- ০২। অধ্যক্ষ  
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন  
সকল কলেজ।

  
২০/৭/১৭  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
দিনাজপুর।

ফোন : ০৫৩১-৫১৮৮১; ফ্যাক্স : ০৫৩১-৬৬৪২১

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ০১। জেলা প্রশাসক, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ০২। জেলা শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৬। অফিস কপি।